# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 26.04.2024** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফায় রাজ্যের তিন আসন দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাটে গড়ে ভোট পড়েছে ৭১ দশমিক ৮/৪ শতাংশ। ভোটটগ্রহণ পর্ব মোটামুটি শান্তিপূর্ণই ছিল বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন।

বিজেপিও দ্বিতীয় দফার নির্বাচন নিয়ে সন্তোষ প্রকাশ করেছে।

২) দ্বিতীয় দফার ভোটের দিনেই প্রবীণ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মালদা এবং তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী পশ্চিম মেদিনীপুরে প্রচারে সামিল হন।

৩) লোকসভা নির্বাচনে চতুর্থ দফায় জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হয়।

পঞ্চম পর্যায়ের জন্য মনোনয়ন দাখিলের কাজ আজ শুরু হয়েছে।

৪) উত্তর ২৪ পরগনার সন্দেশখালির মল্লিকপাড়ায় তৃণূল পঞ্চায়েত সদস্যের আত্মীয়ের বাড়ি থেকে বিপুল পরিমাণে অস্ত্রশস্ত্র এবং বোমা উদ্ধারের ঘটনায় তীব্র চাঞ্চল্য।

নির্বাচন কমিশন এই ঘটনায় রিপোর্ট তলব করেছে।

৫) তীব্র দাবদাহে রাজ্যের বেশিরভাগ জেলায় স্বাভাবিক জনজীবন ব্যাহত।

৬) ইডেনে আজ আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স, পাঞ্জাব কিংস মুখোমুখি। পাঞ্জাব, টসে জিতে কেকেআর-কে ব্যাট করতে পাঠিয়েছে।

---

লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফায় রাজ্যের তিন আসন দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাটে গড়ে ভোট পড়েছে ৭১ দশমিক ৮/৪ শতাংশ। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, বিকেল ৫ টা পর্যন্ত বালুরঘাটে ৭২ দশমিক ৩/০, রায়গঞ্জে ৭১ দশমিক ৮/৭ এবং দার্জিলিং-এ ৭১ দশমিক ৪/১ শতাংশ ভোট পড়েছে। সন্ধ্যা ৬ টা পর্যন্ত ভোট চলার কথা থাকলেও অনেক জায়গাতেই তারপরেও ভোটারেদর লাইন চোখে পড়ে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন, ভোটগ্রহণপর্ব মোটামুটি শান্তিপূর্ণই ছিলো।

সকালের দিকে কিছু ইভিএম খাপরাপ হওয়রা খবর পাওয়া যায়। তবে চটজলদি তার নিষ্পত্তি করা হয়েছে।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে, এই তিনটি আসনে এপর্যন্ত প্রায় ২৯৭ টির মতো অভিযোগ জমা পড়েছে। এর মধ্যে বেশিরভাগই ইভিএম ও ভিভিপ্যাটের ত্রুটি সংক্রান্ত। আজকের ভোট নিয়ে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

এদিকে, দার্জিলিং লোকসভা কেন্দ্রে ঘোষপুকুর মৌলানি জোতের একটি বুথে এলাকায় ইলেক্ট্রিক তার টানা নিয়ে উত্তেজনার জেরে আজ ভোট বয়কটের ডাক দেন

গ্রামবাসীরা। পরে অবশ্য প্রশাসনের হস্তক্ষেপে সমস্যার সমাধান হলে ভোটগ্রহণ শুরু হয়।

রায়গঞ্জে আজকের ভোটপর্ব নিয়ে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন,

ভয়েসকাস্ট

--------------------------

আজকের ভোটে কেন্দ্রীয় বাহিনী কিছু পোলিং বুথে ভোটারদের প্রভাবিত ও ভোটদানে বাধা দিচ্ছে বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করে। সমাজমাধ্যমে তারা বলেছে, বালুরঘাট লোকসভা আসনে BSF ভোটারদের সন্ত্রস্ত করে রেখেছে। নির্বাচন কমিশনকে জানানো সত্বেও তারা কোনো ব্যবস্থা নেয়নি। অন্যদিকে BSF নির্দিষ্টভাবে এই অভিযোগ খারিজ করে দিয়ে বলেছে, কোনো বুথেই BSF মোতায়েন করা হয়নি।

অন্যদিকে, দার্জিলিং লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রাজু বিস্তা নিজেই কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে অভিযোগ জানিয়েছেন। চোপড়া বিধানসভার ৭০,৭১ এবং ৭৮ নম্বর বুথে কেন্দ্রীয় বাহিনী বিজেপির নির্বাচনী এজেন্টকে বসতে দিচ্ছে না বলে তিনি অভিযোগ করে বলেছেন, কোনো কোনো জায়গায় তৃণমূল কংগ্রেসের দাপটে কেন্দ্রীয় বাহিনী বুথ ছেড়ে ভয়ে পালিয়েছে। নির্বাচন কমিশনের আরোও সক্রিয় হওয়া প্রয়োজন বলে শ্রী বিস্তার দাবী।

বাইট

এদিকে, রাজ্যের মন্ত্রী তৃণূল কংগ্রেস নেত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য, রাজু বিস্তার পাল্টা প্রতিক্রিয়ায় বলেছেন।

বাইট

---------------------------

বিজেপি আজকের দ্বিতীয় দফার নির্বাচনে সন্তোষ প্রকাশ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য বলেন, আজকের নির্বাচনে তিনটি কেন্দ্র থেকে বেশ কিছু অভিযোগ কমিশনে জানানো হয়েছে। তিনি অভিযোগ করেন, সকালে কয়েকটি জায়গায় তৃণমূল কংগ্রেস কেন্দ্রীয় বাহিনীকে বিভ্রান্ত করা এবং অশান্তি করার চেষ্টা করেছে। তবে তা ব্যর্থ হয়েছে।

---------------------------

দ্বিতীয় দফার ভোটের দিনই পরবর্তী দফাগুলির নির্বাচনের জন্য প্রচারাভিযান আজ জমে ওঠে।

প্রবীণ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ মালদা উত্তর ও দক্ষিণ লোকসভা আসনের দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভায় তৃণমূল কংগ্রেসের তীব্র সমালোচনা করে নিয়োগ ও রেশন দুর্নীতি, গরু পাচার সহ বিভিন্ন প্রসঙ্গের অবতারণা করেন। তিনি বলেন, একটা সময়ে বাংলা সব ক্ষেত্রেই গোটা দেশকে নেতৃত্ব দিত। কিন্তু পূর্বতন বাম সরকার এবং বর্তমানে তৃণমূল কংগ্রেসের দুর্নীতির জন্য ফল ভুগছে বাংলার মানুষ। নিয়োগ দুর্নীতি মামলায় হাইকোর্টের রায়ে প্রায় ২৬ হাজার শিক্ষকের চাকরী বাতিল হওয়া প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, শাসকদল রাজ্যের যুবক যুবতীদের ভবিষ্যত্ নিয়ে খেলা করছে। উন্নয়নের বদলে এরাজ্যে হাজার হাজার কোটি টাকার দুর্নীতি হয়েছে।

(বাইট-মোদী)

সন্দেশখালির প্রসঙ্গ তুলে ধরে শ্রী মোদী বলেন, তৃণমূল কংগ্রেস সেখানে অভিযুক্তকে বাঁচানোর চেষ্টা চালিয়ে গেছে। মা মাটি মানুষের কথা বলে সেখাননকার মহিলাদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে। বাংলাকে বঞ্চনার অভিযোগ খারিজ করে দিয়ে শ্রী মোদী, কেন্দ্রের দেওয়া টাকা তৃণমূল কংগ্রেস লুঠ করে নিয়েছে বলেও পাল্টা দাবি করেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, আজ পশ্চিম মেদিনীপুরের ঘাটালের দলীয় প্রার্থীর সমর্থনে পিংলায় এক নির্বাচনী জনসভায় যোগ দেন। প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষা কর্মীর চাকরী চলে যাওয়ার তীব্র সমালোচনা করে তিনি বিজেপি ও CPM কে আক্রমণ করেন। হাইকোর্টের নির্দেশে যাদের চাকরী যেতে বসেছে, দলের পক্ষ থেকে তাদের প্রতি সবরকম সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ারও আশ্বাস দেন তিনি।

(বাইট-মমতা)

অন্যদিকে, CPIM-এর সাংসদ, আইনজীবি বিকাশ রঞ্জন ভট্টাচার্য নিয়োগ দুর্নীতি নিয়ে কেন্দ্র ও রাজ্য উভয়রেই সমালোচনা করেছেন।

(বাইট-বিকাশ)

--------------------------

লোকসভা নির্বাচনের চতুর্থদফার জন্য জমাপড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হয়। এই দফায় এই রাজ্যের ৮ টি আসন বহরমপুর, কৃষ্ণনগর, রানাঘাট, বর্ধমান পূর্ব, বর্ধমান দুর্গাপুর, আসানসোল, বোলপুর ও বীরভূমে ১৩-ই মে ভোট নেওয়া হবে। প্রার্থী পদ প্রত্যাহারের শেষ দিন সোমবার ২৯-শে এপ্রিল।

নদীয়ার রানাঘাট তপশিলি সংরক্ষিত আসনে আজ স্ক্রুটিনির সময় একটি মনোনয়নপত্র বাতিল হয়েছে। নির্দল প্রার্থী হিসাবে শ্রীবাস কুমার রায় ঐ মনোনয়নপত্র দাখিল করেছিলেন। এই কেন্দ্রে মোট ৮ জন মনোনয়ন পত্র দাখিল করেন। একজনের বাতিল হওয়ায় সেখানে প্রা৪থীর সংখ্যা দাঁড়ালো ৭।

এদিকে, নদীয়া জেলায় দুটি আদর্শ আচরণবিধি লঙ্ঘন সংক্রান্ত ৬০০টি অভিযোগ এ পর্যন্ত জেলা প্রশাসনের কাছে জমা পড়েছে। ২৪ ঘন্টার মধ্যে অধিকাংশই নিষ্পত্তি করা হয়েছে বলে জেলাশাসক এস অরুন প্রসাদ আজ এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন।

জেলায় নির্বাচনী কাজকর্ম পর্যবেক্ষণের জন্য মোট পাঁচজন পর্যবেক্ষক ইতোমধ্যেই পৌঁছেছেন। রানাঘাট লোকসভা কেন্দ্রে সাধারণ পর্যবেক্ষক হিসাবে এসেছেন বিকাশ আনন্দ ও কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রে পাওয়ার নরসিং সাম্ভাজি। এই দুটি লোকসভা আসনের জন্য পুলিশ পর্যবেক্ষকের দায়িত্বে দেওয়া হয়েছে নাবান গুঙ্গটেকে। এছাড়া রানাঘাটের জন্য ব্যয় সংক্রান্ত অবজারভার হিসাবে সঞ্জিব রঞ্জন এবং কৃষ্ণনগরের জন্য দীপক যাদবকে নিযুক্ত করা হয়েছে।

--------------------------

লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ের জন্য বিজ্ঞপ্তি জারির মধ্যে দিয়ে মনোনয়নপত্র দাখিলের কাজ আজ শুরু হয়েছে। এই পর্যায়ে পশ্চিমবঙ্গের ৭ টি আসন - শ্রীরামপুর, ব্যারাকপুর, হুগলী, বনগাঁ, হাওড়া, উলুবেড়িয়া ও আরামবাগে ভোট নেওয়া হবে বিশে মে।

তেসরা মে পর্যন্ত প্রার্থীপদ দাখিল করা যাবে। পরের দিন চৌঠা মে জমা পড়া মনোনয়নগুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন ৬ই মে।

প্রথম দিনে উত্তর চব্বিশ পরগনা বনগাঁ লোকসভার বিজেপি প্রার্থী শান্তনু ঠাকুর, ঐ কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী বিশ্বজিৎ দাস ও বিএসপি প্রার্থী চন্দন মল্লিক এবং ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের বিএসপি প্রার্থী চপলা রায় মজুমদার আজ প্রার্থীপদ দাখিল করেন। বারাসাতে জেলা নির্বাচনী আধিকারিকের দপ্তরে গিয়ে তাদের মনোনয়ন জমা দেন।

অন্যদিকে, হাওড়া লোকসভা কেন্দ্রের এসইউসিআই প্রার্থী উত্তম চ্যাটার্জী ও উলুবেড়িয়া লোকসভা কেন্দ্রের নিখিল বেরা প্রার্থীপদ দাখিল করেন।

উলুবেড়িয়া সংসদীয় আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী সাজদা আহমেদ আজ দলীয় বিধায়ক এবং ব্লক সভাপতিদের উপস্থিতিতে মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

-------------------------

পদ্ধতিগত কারণে বীরভূমের বিজেপি প্রার্থী দেবাশিস ধরের প্রার্থিপদ বাতিল হয়েছে। জানা গিয়েছে, রাজ্য সরকারের তরফে ‘নো ডিউজ়’ সার্টিফিকেট না দেওয়ায় তাঁর মনোনয়ন বাতিল করা হয়েছে।

বিজেপির তরফে অবশ্য গতকাল ঐ আসনে আরও এক প্রার্থী দেবতনু ভট্টাচার্য মনোনয়ন দাখিল করেছিলেন। সেটি গৃহীত হয়েছে।

মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন, নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে গেলে মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় আবাসন, বিদ্যুত, জল ইত্যাদি ক্ষেত্রে সরকারের কোনো পাওনা বকেয়া নেই বলে হলফনামায় উল্লেখ থাকতে হয়। কিন্তু দেবাশিস ধরের ক্ষেত্রে তা ছিলা না। সেই কারণএ তাঁর প্রার্থী পদ বাতিল হয়েছে।

এদিকে বিজেপি, এই মনোনয়ন পত্র বাতিলের বিষয়ে আদালতের দ্বরাস্থ হবে বলে জানিয়েছে। দলের রাজ্যসভার সাসংদ শমীক ভট্টাচার্য বলেছেন,

বাইট

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এর পেছনে তৃণমূল কংগ্রেসের চক্রান্ত রয়েছে বলে অভিযোগ করেছেন। সাংবাদিকদের তিনি বলেন, মমতা ব্যানার্জী ও অভিষেক ব্যানার্জী জেলাশাসক ও প্রশাসনকে দিয়ে এই কাজ করিয়েছেন।

--------------------------

উত্তর ২৪ পরগনার সন্দেশখালীর আগারহাটি গ্রামপঞ্চায়েতের মল্লিকপাড়া এলাকায় তালাবন্দী বাড়ি থেকে বিপুল পরিমাণে বেআইনী বিদেশী অস্ত্রশস্ত্র এবং বোমা উদ্ধারের ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য হাফিজুল খাঁ এর আত্মীয় আবু তালেব মোল্লার বাড়িতে সিবিআইয়ের ১০ সদস্যের একটি দল গোপন খবরের ভিত্তিতে তল্লাশি চালাতে যায়। সে সময় অবশ্য বাড়িতে কেউ ছিল না। বোমা খোঁজার জন্য আনা হয় বিশেষ স্ক্যানার মেশিনও। পরে এন এস জির দলও সেখানে পৌঁছয়। বাড়ির মেঝে ভেঙে উদ্ধার হয় বেশকিছু আগেয়াস্ত্র। যার মধ্যে ছিল তিনটি বিদেশী, দেশী ও একটি কোল্ট রিভলবার। একটি বিদেশী ও একটি দেশি পিস্তল, ২২৮ টি কার্তুজ। এছাড়াও শেখ শাহজাহান সংক্রান্ত কিছু আপত্তিকর নথিপত্র উদ্ধার হয়েছে। বিস্ফোরক বোঝাই একটি বস্তাও পাওয়া যায়। সেগুলি নিষ্ক্রিয় করতে রিমোট চালিত রোবটকে কাজে লাগানো হয়েছে বলে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

ভয়েসকাস্ট

এদিকে, নির্বাচন কমিশনের সন্দেশখালির ঘটনায় রিপোর্ট তলব করেছে।

তৃণমূল কংগ্রেস বলেছে, আজকের নির্বাচনকে প্রভাবিত করার জন্যই সন্দেশখালিতে এই অস্ত্রের হদিশ মেলার ঘটনা সাজানো হয়েছে। এর পেছনে বিজেপি পরিকল্পনা থাকতে পারে বলে দলের নেতা কুনাল ঘোষ আশঙ্কা প্রকাশ করেছে।

অন্যদিকে, বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য এর পেছনে বিজেপির চক্রান্ত রয়েছে, তৃণমূল কংগ্রেসর এই অভিযোগ খারিজ করে দিয়েছেন। তিনি পাল্টা দাবি করেছেন, শাসক দলের বিভাজন ও তোষণের রাজনীতির জন্যই এই ঘটনা।

দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারও এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করে কোথা থেক এই বিপুল পরিমাণে বিদেশী অস্ত্র মজুত করা হল, সেই প্রশ্ন তুলেছেন।

---------------------------

রামনবমীতে রাজ্যে বিক্ষিপ্ত অশান্তি হয়েছে বলে কলকাতা হাইকোর্টে রিপোর্ট দিয়ে জানিয়েছে সিআইডি ও রাজ্য পুলিশ। আজ প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে পৃথকভাবে রিপোর্ট জমা দিয়েছেন মুর্শিদাবাদের পুলিশ সুপার ও সিআইডি। এরপর এনআইএ-কে একটি রিপোর্ট দেওয়ার জন্য নির্দেশ দিয়েছে হাইকোর্ট। রাজ্য সরকার রিপোর্টে বিক্ষিপ্ত অশান্তি ও বোমাবাজির কথা স্বীকার করলেও তদন্তে গুরুত্বপূর্ণ কিছু উঠে আসেনি বলেই জানানো হয়েছে। আগামী ১০ মে মামলার পরবর্তী শুনানি হবে।

---------------------------

তীব্র দাবদাহে রাজ্যের বেশীরভাগ জেলায় স্বাভাবিক জনজীবন ব্যাহত। আবহাওয়া দফতর আগামী মঙ্গলবার (৩০শে এপ্রিল) পর্যন্ত বেশীরভাগ জেলাতেই তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে। উত্তর ও উত্তর পশ্চিম দিক থেকে বয়ে আসা শুষ্ক বাতাসের প্রভাবে বীরভূম, পশ্চিম মেদিনীপুর ও পশ্চিম বর্ধমান এই তিন জেলায় আজ তীব্র তাপপ্রবাহের

লাল সতর্কতা জারি করা হয়। অন্যান্য জেলায় জারি ছিল কমলা সতর্কতা। বাঁকুড়া জেলায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৪৩ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস।

কলকাতায় অবশ্য আজ সর্বোচ্চ তাপমাত্রা গতকালের তুলনায় কিছুটা কমে দাঁড়িয়েছে ৩৯ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৪ ডিগ্রি বেশি। গতকাল ছিল মরশুমের উষ্ণতম দিন। তাপমাত্রা ওঠে ৪১ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াসে।

দক্ষিণবঙ্গে আগামীকাল থেকে মঙ্গলবার পর্যন্ত পূর্ব ও পশ্চিম বর্ধমান, দুই মেদিনীপুর, বীরভূম, বাঁকুড়া ও ঝাড়গ্রাম জেলায় তীব্র তাপপ্রবাহের লাল সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

উত্তরবঙ্গের মালদা ও দুই দিনাজপুরেও কমলা সতর্কতা এবং জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ারে আর্দ্র ও অস্বস্তিকর গরমের হলুদ সতর্কাত জারি করা হয়েছে।

এদিকে, গরম পড়ার সঙ্গে সঙ্গে পুরুলিয়া জেলা জুড়ে তীব্র জল সঙ্কট দেখা দিয়েছে। শহরের বহু ওয়ার্ডেও দেখা দিয়েছে পানীয় জলের হাহাকার। এই পরস্থিতিতে কিছু ব্যক্তি পানীয় জলের পাইপের পাম্প লাগিয়ে অতিরিক্ত জল বের করে নিচ্ছে। এর বিরুদ্ধে অভিযান শুরু করেছে পুরুলিয়া পুরসভা। পুরপ্রধান নবেন্দু মাহালি আজ একটি দোকানের জল সংযোগ বিচ্ছিন্ন করার নির্দেশ দেন। তিনি জানিয়েছেন, পুরুলিয়ায় জল সরবরাহের প্রধান উৎস কাঁসাই নদীতেই জল শুকিয়ে গেছে। সেই জন্য প্রয়োজনের তুলনায় জল সরবরাহ কম হচ্ছে।

-------------------------

রাজ্য জুড়ে গ্রীষ্মের তীব্র প্রকোপের কারণে এবার রাজ্যের সব সুস্বাস্থ্য ও উপ স্বাস্থ্য কেন্দ্র খোলা রাখার সময়সূচি পরিবর্তন করা হল। সাধারণত এই স্বাস্থ্য কেন্দ্রগুলি সকাল

ন'টা থেকে বিকেল চারটে পর্যন্ত চলে। কিন্তু তীব্র গরমের কারণে নতুন সূচী অনুযায়ী সকাল সাতটা থেকেই এই কেন্দ্র গুলি খোলা থাকবে। আগামী ৩১ মে পর্যন্ত এই নতুন সময়সূচি অনুসরণ করতে হবে বলে স্বাস্থ্য দফতর একটি নির্দেশিকায় জানিয়েছে। তবে তার আগে যদি পরিস্থিতি পরিবর্তন হয় তখন পুরনো সময় মেনেই সুস্বাস্থ্য কেন্দ্রগুলি চলবে বলে জানানো হয়েছে।

--------------------------

ইডেনে আজ আইপিএল ক্রিকেটে কলকাতা নাইটরাইডার্স, পাঞ্জাব কিংসের মুখোমুখি। টসে জিতে পাঞ্জাব কিংস, কেকেআর-কে ব্যাট করতে পাঠিয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত কলকাতা নাইট রাইডার্স ৬ ওভারে বিনা উইকেটে ৭৬ রান করেছে।

নাইটরাইডার্স ৭ ম্যাচে ১০ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে। অন্যদিকে, ১০ দলের আইপিএলে নবম স্থানে থাকা পাঞ্জাব কিংসের পয়েন্ট ৮ ম্যাচে ৪। নাইটদের লক্ষ্য এই ম্যাচ জিতে প্লে অফের রাস্তা প্রশস্ত করা।

এদিকে তীব্র গরমেও ক্রিকেটপ্রেমীদের উৎসাহে কোন ঘাটতি নেই। দাবদাহ উপেক্ষা করে ইডেনের গ্যালারি ভরে উঠেছে।

অন্যদিকে, আইপিএল ম্যাচ দেখে ক্রিকেট প্রেমীদের বাড়ি ফেরার সুবিধার্থে পূর্ব রেল, শিয়ালদা ডিভিশনের পাশাপাশি হাওড়া ডিভিশনেও বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। আজ, হাওড়া থেকে ব্যান্ডেল পর্যন্ত একটি EMU লোকাল রাত ১১ টা ৫৫ মিনিটে হাওড়া থেকে ছাড়বে এবং ব্যান্ডেল পর্যন্ত সব স্টেশনে থামবে বলে পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন। শিয়ালদা ডিভিশনে উত্তরে বারাসাত এবং দক্ষিণে বারুইপুর পর্যন্ত বিশেষ ট্রেন চালানো হবে।

এছাড়া রাত ১১ টা ৫০ মিনিটে একটি ১২ কোচের EMU ট্রেন প্রিন্সেপঘাট থেকে ছেড়ে বারাসাত পৌঁছবে রাত ১ টায়। অপর একটি ১২ কোচের EMU ট্রেন ১২ টা ২ মিনিটে বিবাদি বাগ থেকে ছেড়ে বারুইপুর পৌছবে রাত ১ টা ৩২ মিনিটে।

মেট্রো রেলও খেলার পর ব্লু লাইনে বিশেষ ট্রেন চালাবে।

-------------------------- --------------------------